



বাংলাদেশ বেসরকারি বিশ্ববিদ্যালয় সমিতি ASSOCIATION OF PRIVATE UNIVERSITIES OF BANGLADESH



মে ২০২১

বরাবর
চেয়ারম্যান
বোর্ড অব ট্রাস্টিজ
সকল বেসরকারি বিশ্ববিদ্যালয়।

বিষয়ঃ বেসরকারি বিশ্ববিদ্যালয়ের শিক্ষক, ছাত্র-ছাত্রী, কর্মকর্তা- কর্মচারীদের কোভিট-১৯ ভ্যাক্সিন গ্রহণের লক্ষ্যে তালিকা
প্রেরণ প্রসঙ্গে।

প্রিয় মহোদয়,
উপর্যুক্ত বিষয়ে শিক্ষা মন্ত্রণালয়ের নির্দেশনা মোতাবেক বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন কর্তৃক গত ৪ঠা মার্চ ২০২১
(সংযুক্ত) কোভিট-১৯ ভ্যাকসিন প্রদানের লক্ষ্যে বেসরকারি বিশ্ববিদ্যালয়সমূহের ছাত্র-ছাত্রী, শিক্ষক, কর্মকর্তা-কর্মচারীদের
(যাদের ভ্যাকসিন দেয়া হয়নি) প্রয়োজনীয় তথ্যাদিসহ তালিকা প্রদান সংক্রান্ত পত্রের প্রেক্ষিতে বাংলাদেশ বেসরকারি
বিশ্ববিদ্যালয় সমিতির পক্ষ থেকে গত ১০ মার্চ ২০২১ সর্বোচ্চ অগ্রাধিকার ভিত্তিতে তালিকা প্রদানের জন্য আপনার বরাবর
পত্র প্রেরণ করা হয়।

সরকারি সিদ্ধান্ত অনুযায়ী সকল বিশ্ববিদ্যালয়ে শ্রেণীকক্ষে সরাসরি পাঠদান ও অন্যান্য অন ক্যাম্পাস কার্যক্রম পরিচালনার
জন্য সংশ্লিষ্ট সকলের স্বাস্থ্য সুরক্ষা ও যথাযথভাবে স্বাস্থ্যবিধি অনুসরণ করা অত্যন্ত গুরুত্বপূর্ণ। এ ব্যাপারে সকল বেসরকারি
বিশ্ববিদ্যালয় থেকে প্রাণ তথ্য অনুযায়ী ছাত্র-ছাত্রী, শিক্ষক, কর্মকর্তা-কর্মচারীদের ভ্যাকসিন প্রদান ও সুরক্ষা নিশ্চিত করা
সম্ভব হবে বলে মনে করি।

বেসরকারি বিশ্ববিদ্যালয়সমূহের ছাত্র-ছাত্রী, শিক্ষক, কর্মকর্তা-কর্মচারীদের (যাদের ভ্যাকসিন দেয়া হয়নি) কোভিট-১৯
ভ্যাকসিন প্রদানের লক্ষ্যে প্রয়োজনীয় তথ্যাদি নিম্নের ছক (শিক্ষা মন্ত্রণালয় কর্তৃক প্রদত্ত পত্রের ছক)

| শিক্ষক-কর্মচারীদের ছক | | | | | |
|-----------------------|----------------------------------|----------------------------|--------------|------------|----------------------------|
| ক্রমিক নং | বেসরকারি বিশ্ববিদ্যালয়ের নাম | শিক্ষার্থীদের নাম ও শ্রেণী | এনাইডি নম্বর | জন্ম তারিখ | জেলার/উপজেলা/ থানার নাম |
| ০১ | ০২ | ০৩ | ০৪ | ০৫ | ০৬ |

| শিক্ষার্থীদের (ছাত্র-ছাত্রী) ছক | | | | | |
|---------------------------------|----------------------------------|----------------------------|--------------|------------|----------------------------|
| ক্রমিক নং | বেসরকারি বিশ্ববিদ্যালয়ের নাম | শিক্ষার্থীদের নাম ও শ্রেণী | এনাইডি নম্বর | জন্ম তারিখ | জেলার/উপজেলা/ থানার নাম |
| ০১ | ০২ | ০৩ | ০৪ | ০৫ | ০৬ |

অনুযায়ী আগামি ২ জুন ২০২১ তারিখের মধ্যে সমিতি বরাবর প্রেরণের যথাযথ ব্যবস্থা গ্রহণের জন্য আপনাকে বিশেষভাবে
অনুরোধ জানাচ্ছি।

ধন্যবাদাত্তে,

(শেখ কবির হোসেন)

চেয়ারম্যান

বাংলাদেশ বেসরকারি বিশ্ববিদ্যালয় সমিতি।

অনুলিপি: উপাচার্য/রেজিস্টার, সকল বেসরকারি বিশ্ববিদ্যালয়।

সংযুক্ত: বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন কর্তৃক প্রদত্ত পত্রের অনুলিপি।

Professor Md. Anwarul Azim Arif
 Vice-Chancellor
 International Islamic University Chittagong
 Ass't. Programmes
 Director

Address: Flat- B2, House- 65, Road- 17, Block-C, Banani, Dhaka-1213, Bangladesh; Phone No.: +8801729091134, 01708518970; E-mail: secretaryapub@gmail.com; Web: www.apub.org.bd